

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ বেতার, খুলনা  
www.betar.khulna.gov.bd

নম্বর: ১৫.৫৩.৪৭০০.১০৬.৬৬.০০১.২৩.৬০৬

৩০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১৫ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: বাংলাদেশ বেতার, খুলনা কেন্দ্রে ঘোষক-ঘোষিকা তালিকাভুক্তকরণের লক্ষ্যে কণ্ঠস্বর পরীক্ষার দরখাস্ত আহ্বান

বাংলাদেশ বেতার, খুলনা কেন্দ্রে ঘোষক-ঘোষিকা তালিকাভুক্তকরণের লক্ষ্যে বাংলাদেশের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে কণ্ঠস্বর পরীক্ষার দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

আগ্রহী প্রার্থীগণ নির্ধারিত আবেদন ফরমটি বাংলাদেশ বেতার, খুলনা কেন্দ্রের ওয়েবসাইট (<https://betar.khulna.gov.bd>)-এর সেবাবক্স 'অডিশন ফরমসমূহ'-তে পাবেন। এছাড়াও প্রার্থীগণ আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, খুলনা বরাবর সাদাকাগজে স্ব হস্তে লিখিত আবেদন করতে পারবেন।

প্রার্থীকে জাতীয় পরিচয়পত্র-এর সত্যায়িত ফটোকপি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদ-এর সত্যায়িত ফটোকপি, শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি সত্যায়িত করে আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে আগ্রহী প্রার্থীকে অবশ্যই সর্বনিম্ন এইচএসসি পাশ হতে হবে।

আবেদনপত্র আগামী ১৭ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে অথবা সরাসরি উপস্থাপনা শাখা, প্রযুক্তি- আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, খুলনা কেন্দ্রে পৌঁছাতে হবে।



১৫-১০-২০২৩

সৌমেন বাছাড়

সহকারী পরিচালক (অনুষ্ঠান)

khulnabetar@gmail.com

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ বেতার;
- ২। উপমহাপরিচালক (চলতি দায়িত্ব), উপমহাপরিচালক (অনুষ্ঠান)-২, বাংলাদেশ বেতার;
- ৩। আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, খুলনা;
- ৪। উপ-আঞ্চলিক পরিচালক, আঞ্চলিক পরিচালকের দপ্তর, বাংলাদেশ বেতার, খুলনা, আঞ্চলিক পরিচালকের দপ্তর, বাংলাদেশ বেতার, খুলনা;
- ৫। নোটিশ বোর্ড, বাংলাদেশ বেতার, খুলনা এবং
- ৬। সংশ্লিষ্ট নথি, বাংলাদেশ বেতার, খুলনা।

